



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২২১১৯১৩৪০৩৭১/

৭২ /সিলেট-১৩৮

তারিখঃ ১৬/০৮.২০২০ খ্রি.


বিষয়: অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিল করণ প্রসঙ্গে।

- সূত্র : ১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২২১১৯১৩৪০৩৭১/১৭১৯৯/নথি নং-১৩৮; তারিখ: ০৪/০৪/২০১৯ খ্রি.
 ২) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/সিলেট-১৩৮/২৫/৩; তারিখ: ০১/০৬/২০২০ খ্রি.
 ৩) উপজেলা নির্বাহী অফিসার স্মারক নং- ০৫.৪৬.৯১৩৮.০০০.০৯.০০১.২০-২৬১; তারিখ: ০১/০৭/২০২০ খ্রি.
 ৪) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/২২১১৯১৩৪০৩৭১/সিলেট-১৩৮/৬১/৩; তারিখ: ১৯/০৭/২০২০ খ্রি.


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলাধীন পূর্ব ফুলসাইন্দ মহিলা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত ০১ (এক) নং স্মারকে অনুমোদন দেওয়া হয়। উক্ত কমিটির সভাপতির বিরুদ্ধে অনাস্থা প্রকাশ করে অনুমোদিত ম্যানেজিং কমিটির ১০ জন সদস্যের মধ্যে ০৬ জন সদস্য পদত্যাগ করেন মর্মে মাদ্রাসার সুপার একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে অত্র বোর্ড সূত্রোক্ত ০২ (দুই) নং স্মারকে সরেজমিনে তদন্ত করে একখানা প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেটকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ০৩ (তিন) নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হওয়ায় অত্র বোর্ড কর্তৃক অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙে দেওয়া হবে না ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য মাদ্রাসা প্রধানকে সূত্রোক্ত ০৪ (চার) নং স্মারকে কারণ দর্শানো হয়। মাদ্রাসা প্রধান যে জবাব দাখিল করেছেন তাতে অনুমোদিত ম্যানেজিং কমিটির কোন কার্যকারিতা থাকেনা বিধায় ভেঙে দেওয়ার জন্য সুপারিশ করেছেন।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অনুমোদিত ম্যানেজিং কমিটির কোন কার্যকারিতা না থাকায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক অনুমোদিত নংবামাশিবো/প্রশা/২২১১৯১৩৪০৩৭১/১৭১৯৯/নথি নং-১৩৮; তারিখ: ০৪/০৪/২০১৯ খ্রি. স্মারকের ম্যানেজিং কমিটি বাতিল করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


১২.০৮.২০২০
মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

সুপার,
পূর্ব ফুলসাইন্দ মহিলা দাখিল মাদ্রাসা,
ফুলসাইন্দ, গোলাপগঞ্জ, সিলেট।


১২.৮.২০২০
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮


নং-বামাশিবো/প্রশা/২২১১৯১৩৪০৩৭১/


৭২ /সিলেট-১৩৮

তারিখঃ ১৬/০৮.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সিলেট;
২. জেলা শিক্ষা অফিসার, সিলেট;
৩. উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট;
৪. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. অফিস কপি।


১২/৮/২০২০
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)


১২.৮.২০২০
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪